তারিখ 15 JAN 2017
পৃষ্ঠা ২৫ কলাম ২

# হোমনার ২৭ প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই

■ হোমনা (কুমিল্লা) সংবাদদাতা

উপজেলার ২৭ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন যাবৎ প্রধান শিক্ষক নেই। এসব স্কুলগুলোতে একজন সহকারী শিক্ষক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করছেন।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ২০১১ সাল থেকে পর্যায়ক্রমে স্কুলগুলোতে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। এতে প্রশাসনিকসহ শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। প্রধান শিক্ষক না থাকা স্কুলগুলো হলো: জগন্নাথকান্দি, নালাদক্ষিণ, মহিষমারী, বড় ঘাগুটিয়া, ঝগড়ারচর, নয়াকান্দি পাড়াতলী, চান্দেরচর, নাগেরচর, কৃপারামপুর, বালুয়াকান্দি, খোদেদাউদপুর, চিতপুর, নারায়ণপুর, ফতেহপুর, ঘনিয়ারচর দক্ষিণ, মনাইরকান্দি, তাতুয়াকান্দি, চুনারচর, দৌলতপুর পশ্চিম, চারকড়িয়া, চন্ডীপুর, ভিটি কালমিনা, ওপারচর, মনিপুর, [illegible], [illegible] ও মাধপুর-২ সরকারি প্রাথমিক বিদ্যালয়। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. আল আমিন সরকার জানান, স্কুলগুলো প্রধান শিক্ষক দেওয়ার জন্য জেলা প্রাথমিক শিক্ষা অফিসকে লিখিতভাবে জানানো হয়েছে।